



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস রিলিজ

তারিখ: ১৩ অগস্ট ১৪২৬  
২৮ নভেম্বর ২০১৯

## শোক বার্তা

একুশে পদকপ্রাপ্ত খ্যাতনামা কবি ও স্থপতি রবিউল হুসাইন এর মৃত্যুতে শোক জানিয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন। এক শোক বার্তায় উপাচার্য মহোদয় বলেন, তিনি ছিলেন বহু গুনে গুণান্বিত একজন আলোকিত মানুষ। মুক্তিযুদ্ধের স্মৃতি সংরক্ষণ এবং মুক্তিযুদ্ধের চেতনায় এদেশের মানুষ যেন ঋদ্ধ হয়, সে বিষয়ে রবিউল হুসাইন গভীরভাবে আগ্রহী ছিলেন। তিনি একাধারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর, জাতীয় কবিতা পরিষদ সহ বিভিন্ন সংগঠন এবং মুক্তিযুদ্ধের স্মৃতিচিহ্ন বহন করে এমন অনেক ভাস্কর্যেরও নির্মাতা ছিলেন তিনি। এমন একজন গুণী ব্যক্তির মৃত্যুতে আমরা একজন দেশপ্রেমিক ও সজ্জনকে হারালাম, যাঁর শূন্যতা অপূরণীয়। উপাচার্য মহোদয় তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন এবং তাঁর রুহের মাগফিরাত কামনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)  
জনসংযোগ অফিস